

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 27-03-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

ছাত্রছাত্রীদের উন্নত শিক্ষা প্রদানের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে সরকার: মুখ্যমন্ত্রী:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ছাত্রছাত্রীদের উন্নত শিক্ষা প্রদানের জন্য বিভিন্ন উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে রাজ্য সরকার। ৫টি আর্থিক বছরে রাজ্যে স্নাতক ও অস্নাতক শিক্ষক পদে এখন পর্যন্ত মোট ৪,৬৫৬ জন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা হয়েছে। গতকাল রাজ্য বিধানসভার অধিবেশনে এই তথ্য তুলে ধরেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী ডাঃ সাহা জানান, ২০২২ সালের ১৮ নভেম্বর থেকে রাজ্যে নিপুন মিশন চালু হয়। তারপর থেকেই নিপুন মিশনের অন্তর্ভুক্ত প্রাক-প্রাথমিক স্তর থেকে দ্বিতীয় শ্রেণি পর্যন্ত পাঠরত ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষাদানের লক্ষ্যে একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়।

Assembly- agriculture:

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন রাজ্য সরকার ২০১৮ সাল থেকে সরাসরি কৃষকদের কাছ থেকে সরকারি সহায়ক মূল্যে ধান ক্রয় করার প্রক্রিয়া শুরু করেছে। গতকাল বিধানসভায় বিধায়ক দীপঙ্কর সেনের এক প্রশ্নের উত্তরে তিনি এ তথ্য জানান। তিনি জানান এখন পর্যন্ত রাজ্য সরকার কৃষকদের থেকে ২ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন ধান ক্রয় করেছে এবং সহায়ক মূল্য বাবদ ৪৪৫ কোটি টাকা কৃষকদের প্রদান করেছে। তিনি আরও জানান, রাজ্য সরকার আগামী জুলাই মাসে কৃষকদের কাছ থেকে পুনরায় সহায়ক মূল্যে ধান কিনবে।

Assembly-Bill:

রাজ্য বিধানসভার অধিবেশনে গতকাল তিনটি সংশোধনী বিল গৃহিত হয়। বিলগুলি হল দ্য সোসাইটিস রেজিস্ট্রেশন সংশোধনী বিল ২০২৫, দ্য ত্রিপুরা কো-অপারেটিভ সোসাইটিস সংশোধনী বিল ২০২৫ এবং দ্য ত্রিপুরা এক্সাইস পঞ্চম সংশোধনী বিল ২০২৫।

Assembly-Wolkout :

রাজ্য বিধানসভা অধিবেশনে গতকাল পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ একটি স্বাধিকার ভঙ্গের নোটিশ উত্থাপন করেন। স্বাধিকার ভঙ্গের নোটিশটি ছিল একটি সংবাদপত্রের বিরুদ্ধে। অধ্যক্ষ এই নোটিশটি প্রিভিলিজ কমিটিতে পাঠিয়ে দেন। অপরদিকে, বিরোধী দলনেতা জিতেন চৌধুরীও গতকাল বিধানসভায় পরিষদীয় মন্ত্রীর বিরুদ্ধে একটি স্বাধিকার ভঙ্গের প্রস্তাব উত্থাপন করতে চাইলে অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন তা খারিজ করে দেন। অধ্যক্ষ বলেন, বিধানসভা পরিচালন বিধি অনুযায়ী, একটি নির্দিষ্ট অধিবেশনে একাধিক স্বাধিকার ভঙ্গের অভিযোগ উত্থাপন করা যায় না। অধ্যক্ষের এই ঘোষণার প্রতিবাদ জানিয়ে সিপিআইএম দলের বিধায়করা অধ্যক্ষের আসনের সামনে গিয়ে ধর্না দেন ও পরে সভাকক্ষ ত্যাগ করে চলে যান।

এরপর, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী এক সাংবাদিক সম্মেলনে অধ্যক্ষ ও ট্রেজারী বেঞ্চের ভূমিকার সমালোচনা করেন। তিনি বলেন, চলতি বিধানসভা অধিবেশনের বাকি দিনগুলি প্রধান বিরোধী দল সিপিআইএম-এর সদস্যরা বয়কট করবেন।

CM- Appeal:

মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা গতকাল বিধানসভায় বিরোধী দলের সকল সদস্যদের বিধানসভার অবশিষ্ট দিনগুলিতে উপস্থিত থাকার জন্য আহ্বান জানিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন, যেকোন ধরনের সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান সম্ভব। তাই গণতন্ত্রকে শক্তিশালী করতে বিরোধীদের বিধানসভার অধিবেশনের দিনগুলিতে অংশগ্রহণ করা অবশ্যই প্রয়োজন।

World drama Day :

আজ বিশ্ব নাট্য দিবস। আজকের দিনটি কর্মীদের প্রতি সংহতি জানানোর দিন। নাটক সমাজের দর্পণ তাই সময়েরও দর্পণ। বিশ্ব নাট্য দিবসের প্রতি সংহতি ও অভিবাদন জানিয়ে প্রতি বছরের মত এবারও একটি অসাধারণ বাণী দিয়েছেন গ্রিসের বিশ্বনন্দিত নট-নাট্যকার, চিন্তাবিদ, থিওডোরস তেরজোপোলাস। আজ রাজ্যে এই উপলক্ষ্যে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মূল অনুষ্ঠানটি হবে প্যারাডাইস চৌমুহনীতে বিকেল সাড়ে ৫ টায় একটি পদযাত্রার মধ্য দিয়ে। সেখানেই নাট্য আলোচনা, নাট্যকর্মী সম্মাননা ইত্যাদি অনুষ্ঠিত হবে। সম্মিলিত নাট্য প্রয়াস এবং শিল্পতীর্থর উদ্যোগে এই কর্মসূচির আয়োজন করা হয়েছে।

Minister..

রাজ্যের পর্যটন শিল্প কে বিশ্ব মানচিত্রে তুলে ধরতে এবং দেশ-বিদেশের পর্যটকদের কাছে ত্রিপুরাকে আরো আকর্ষণীয় করতে জিরানীয়ার শচীন্দ্রনগর কলোণীতে প্রায় ৫০ কোটি টাকা ব্যয়ে কলকাতার নিকো পার্কের আদলে নির্মিত হবে অত্যাধুনিক ইকো পার্ক। কেন্দ্রীয় সরকারের 'স্বদেশ দর্শন ২.০' প্রকল্পে এই

পার্ক নির্মাণের অনুমোদন পাওয়া গেছে | রাজ্য পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা সহ নিকো পার্কের ম্যানেজিং ডিরেক্টর গতকাল প্রস্তাবিত নিকো পার্কের জায়গাটি পরিদর্শন করেন |

তিনি আশা প্রকাশ করে বলেন, এই পার্ক নির্মাণে একদিকে যেমন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে অপরদিকে জীবনযাত্রার মান উন্নত হবে, এতে উপকৃত হবে এই এলাকার জনগণেরা |

Weather.

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.২ ডিগ্রি সেলসিয়াস।
